আলমডাঙ্গায় হতদরিদ্র ১০৩টি পরিবারের মাঝে ঢেউটিন ও নগদ অর্থ প্রদান

আলমডাঙ্গা উপজেলায় ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ১শত ৩ জন হতদরিদ্র পরিবারের মাঝে নগদ অর্থ ও টিন বিতরণ করা হয়েছে। প্রত্যেককে ১ বান টিন ও নগদ ৩ হাজার টাকা করে দেওয়া হয়।

গতকাল রবিবার সকাল ১০ টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে আনুষ্ঠানিক ভাবে ঢেউ টিন ও নগদ অর্থ প্রদানের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা- ১ আসনের সাংসদ বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।
প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক অসম্ভবকে সম্ভাব করে দেশের জন্য বিরল সম্মান বয়ে এনেছেন। ভূমিহীন-গৃহহীনদের আবাসস্থল প্রদানে শেখ হাসিনা দৃষ্টান্ত স্থাপন করেছেন। একসাথে এত ভূমিহীন-গৃহহীন নাগরিকদের বিনামূল্যে স্থায়ীভাবে আবাসস্থলের ব্যবস্থা করা বিরল কৃতিত্ব। বিশ্বে এরকম দৃষ্টান্ত আর দ্বিতীয়টি নেই।

টিন বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

এসময় বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, চুয়াডাঙ্গা জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহিল কাফি, কৃষি কর্মকর্তা রেহানা পারভীন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুসা, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিউর রহমান ফারুক, উপজেলা আওয়ামী লীগের সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, সাবেক পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন খাদিমপুর ইউপি চেয়ারম্যান

মুজাহিদুল ইসলাম লোটাস জোয়াদ্দার, বেলগাছি ইউপি চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল, গাংনী ইউপি চেয়ারম্যান এমদাদুল হক, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য সোহেল রানা শাহিন, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা বাদশা প্রমুখ।